গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৪.২৬-৭৩

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

# বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

২০২৬-২০২৭ অর্থবছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদানের জন্য অনলাইনে **(https://grant.most.gov.bd/en/services/most/scientific-organization-grant)** দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। শর্তাবলি:

(ক) বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান বলতে বাংলাদেশের ভৌগোলিক সীমানায় অবস্থিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যাবলী পরিচালনা/উন্নয়নমূলক কাজ সম্পাদন/বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনকারী বিশ্ববিদ্যালয়/বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান এবং বিজ্ঞানসেবী সংস্থাকে বুঝাবে। এক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক বিজ্ঞানসেবী ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠান/ক্লাব অগ্রাধিকার প্রাপ্ত হবে।

(খ) প্রতিষ্ঠানের পক্ষে সভাপতি/চেয়ারম্যান অথবা সাধারণ সম্পাদক/মহাসচিব আবেদন করতে পারবেন। সরকারি অনুদানের অর্থ ব্যয়ের সকল দায়দায়িত্ব আবেদনকারীর উপর বর্তাবে।

(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট নীতিমালা ও এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে (নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.most.gov.bd এ পাওয়া যাবে)।

(ঘ) অনলাইনে আবেদন করার জন্য উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের Integrated Digital Service Delivery Platform (IDSDP)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদানের ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে। আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল নাম্বার উক্ত NID-এর বিপরীতে নিবন্ধিত হতে হবে। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে **আগামী ১০ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ০৪.০০** ঘটিকা পর্যন্ত আবেদন সাবমিটের জন্য লিংক সক্রিয় থাকবে।

(ঙ) একটি সংস্থা/প্রতিষ্ঠান কেবলমাত্র ০১ (এক)টি আবেদন দাখিল করতে পারবে।

(চ) নির্ধারিত চারটি ক্ষেত্র যথা- (ক) জীববিজ্ঞান, চিকিৎসাবিজ্ঞান ও পুষ্টিবিজ্ঞান (খ) ফলিত বিজ্ঞান ও প্রকৌশল (গ) ভৌতবিজ্ঞান এবং (ঘ) কৃষি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে জনগণের বিজ্ঞান সচেতনতা বাড়ানোর উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

(ছ) আর্থিক অনুদানের পরিমাণ সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা।

(জ) চূড়ান্তভাবে নির্বাচিত হলে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নির্ধারিত হলফনামা প্রদান করতে হবে এবং বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তনপূর্বক চালানের মূল কপি আপলোড করতে হবে।

(ঝ) অনুদানের অর্থ দ্বারা কী কী কাজ, কখন ও কোথায় বাস্তবায়ন করা হবে তা আবেদনপত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কেবলমাত্র এক অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রস্তাব সাবমিট করতে হবে।

(ঞ) প্রতিষ্ঠান যে উপজেলায় অবস্থিত উক্ত উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা বা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্ট্রার কর্তৃক নির্ধারিত ফরমেটে সুপারিশপত্র পূরণপূর্বক আপলোড করতে হবে।

৩। সংস্থা/প্রতিষ্ঠানের যোগ্যতা ও করণীয়-

(ক) অনুদান প্রাপ্তির জন্য সংস্থা/প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিবন্ধন সনদ অনুমোদন/স্বীকৃতির প্রমাণক হিসেবে সংযুক্ত/আপলোড করতে হবে। অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না।

(খ) বিজ্ঞানের যে শাখার জন্য আবেদন করা হবে সে সংশ্লিষ্ট কার্যক্রমের প্রমাণক সংযুক্ত করতে হবে।

(গ) সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে। স্বপক্ষে প্রমাণক হিসেবে সংস্থা/প্রতিষ্ঠানের নাম সম্বলিত জমির দলিল অথবা ভাড়ার হালনাগাদ চুক্তিপত্র দাখিল করতে হবে।

(ঘ) সংস্থা/প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে।

(ঙ) গঠনতন্ত্র অনুযায়ী সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনের সাথে দাখিল করতে হবে।

(চ) সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে।

(ছ) সংস্থা/প্রতিষ্ঠানের নামে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে। অনুদানের অর্থ ইএফটি এর মাধ্যমে উক্ত একাউন্টে প্রেরণ করা হবে। বিগত ০১ (এক) বছরের গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট, অঙ্গীকারনামা ও অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যান্য উৎস হতে প্রাপ্ত সরকারী অনুদানের হিসাবও অডিট রিপোর্ট লিপিবদ্ধ করতে হবে।

(জ) বিগত ০৫ (পাঁচ) অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে অনুদান প্রাপ্ত হলে অনুদানের ব্যয় বিবরণী দাখিল করতে হবে।

৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে ২০২৬-২০২৭ অর্থবছরের অন্য কোন অনুদান গ্রহণ করলে উক্ত সংস্থা/প্রতিষ্ঠান এ অনুদানের যোগ্য হবে না।

৫। আবেদনের সাথে দাখিলকৃত তথ্য/প্রমাণক অসত্য/ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান/আবেদনকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রের প্রিন্ট কপি একত্রে ডাকযোগে (সিনিয়র সহকারী সচিব, বিপ্র-০৭ শাখা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং ৯১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) প্রেরণ করতে হবে। **মন্ত্রণালয়ে আবেদন কপি পৌঁছানোর শেষ তারিখ ২০ আগস্ট ২০২৬।**

৭। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা অনুদান ব্যবস্থাপনার স্বার্থে যে কোন নতুন শর্ত আরোপ করার অধিকার সংরক্ষণ করে।

(আবেদন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে সংশ্লিষ্ট (https://support.most.gov.bd/en/login) সাইটে পোস্ট করা যেতে পারে অথবা সাপোর্ট নম্বরে (+880 1713-157012, +880-1796-244-480) যোগাযোগ করা যেতে পারে।

০৬/০৭/২৬

মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৩৮৩
E-mail:st7@most.gov.bd